

# নির্বাচনের আগে গ্রামোন্নয়নে জোর হাওড়া জেলা পরিষদের

নিজস্ব প্রতিনিধি, হাওড়া: সামনে লোকসভা ভোট। তার আগে গ্রামোন্নয়নের কাজ পুরোদমে শুরু করতে চলেছে হাওড়া জেলা পরিষদ। এমনই নির্দেশ জারি হতে চলেছে শীঘ্রই। এর থেকেই স্পষ্ট, উন্নয়নের তালিকা হাতে নিয়েই ভোটপ্রাচারে নামবে তৃণমূল। যদিও এই সিদ্ধান্তকে প্রশাসনিক বলেই দাবি করেছেন জেলা পরিষদের কর্তারা। সূত্রের খবর, সোমবার জেলা পরিষদের ইঞ্জিনিয়ার ও কর্তাদের নিয়ে বেশ কয়েক দফা বৈঠক হয়েছে। তাতেই এই প্রস্তাব তুলে ধরা হয়েছে। সরকারি কাজে গতি আনতে নেওয়া হচ্ছে বিশেষ উদ্যোগ। পদ্ধতিশ অর্থ কমিশন এবং রাজ্যের উন্নয়ন তহবিলের টাকাতেই এই কাজ হওয়ার কথা। জেলা পরিষদের এক কর্তা বলেন, যেসব প্রকল্পে ইতিমধ্যেই অর্থ বরাদ্দ হয়েছে, কিন্তু কাজ শুরু হয়নি, সেগুলি লোকসভা ভোটের আগেই শুরু করতে হবে। গ্রামোন্নয়নে গতি আনতেই এই সিদ্ধান্ত। যদিও এই উদ্যোগকে তৃণমূলের লোকসভা ভোটের প্রস্তুতি হিসেবেই দেখছেন রাজনৈতিক পর্যবেক্ষকরা। কারণ কয়েক সপ্তাহের মধ্যেই ভোট ঘোষণা হয়ে যাবে।

শাসকদলের ধারণা, গ্রামে উন্নয়নমূলক কাজ চললে তা মানুষের রায়ের উপর প্রভাব ফেলবে। বিভিন্ন জায়গায় প্রচারে গিয়ে উন্নয়নের খতিয়ান তুলে ধরতে পারবেন নেতারা। এর পিছনে রাজনৈতিক কারণ থাকার সম্ভাবনা উড়িয়ে দিয়েছেন জেলা পরিষদের এক কর্তা। তিনি বলেন, বিষয়টি সম্পূর্ণ প্রশাসনিক। বরাদ্দ টাকা মানুষের কাজে যত দ্রুত লাগানো যায়, সেটাই আমাদের কাছে মূল প্রতিপাদ্য।